## তেরখাদা উপজেলা পরিষদের জানুয়ারি/২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শহীদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ২৬/০১/২০২২ খ্রিঃ, বিকাল : সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা, খুলনা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)**

সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম, Zoom Video Conference এর মাধ্যমে সভায় যুক্ত খুলনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয়কে শুভেচ্ছা জানান এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন ।

উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয় এবং সকল জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তাদের শুভেচ্ছা জানান। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সরকারি বিভিন্ন দপ্তরের কার্যক্রম অবহিত করেন। সংসদ সদস্য মহোদয় সিআইপি পদকে ভূষিত হওয়ায় শুভেচ্ছা জ্ঞাপন করেন। তেরখাদা উপজেলার উন্নয়নে বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় দপ্তর ভিত্তিক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | সভা ও স্থায়ী কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে । কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, এ বিষয়ে একমত পোষন করে বলেন যে, প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | উপজেলা প্রকৌশলী সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে তেরখাদা উপজেলার উন্নয়নের চিত্র তুলে ধরেন। মাননীয় সংসদ সদস্য মহোদয় সিআইপি পদকে ভূষিত হওয়ায় শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় ৪ কিস্তিতে সর্ব মোট ৯১.১৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যাবে। তিনি জানান, এডিপির আওতায় ১ম ও ২য় কিস্তির বরাদ্দ হতে পিআইসি ও আরএফকিউ পদ্ধতিতে ইতোমধ্যে ৪৭ টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট ৪৩.১৬ লক্ষ টাকার প্রকল্প, অগ্রাধিকার ভিত্তিতে মাননীয় সংসদ সদস্য মোহদয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান ভাইস চেয়ারম্যান এবং ইউপি চেয়ারম্যানদের নিকট থেকে প্রাপ্ত প্রকল্প প্রস্তাবনা থেকে গ্রহণ করা হবে। তিনি জনপ্রতিধিদের কিট থেকে টেন্ডারের মাধ্যমে প্রাপ্ত প্রকল্প সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত দপ্তর প্রধানগণ এবং চেয়ারম্যানবৃন্দ বর্ণিত প্রকল্প সমূহ অন্য কোন দপ্তর বা প্রকল্প হতে | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় টেন্ডারের মাধ্যমে গৃহীত বর্ণিত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক টেন্ডারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা |

## ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় টেন্ডারের মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহ ঃ



| ক্রঃ নং | প্রকল্পের নাম | টাকার পরিমান | ইউনিয়ন |
|---|---|---|---|
| ০১. | বিপ্র আজগড়া স্বাস্থ্যকেন্দ্রের পাশ দিয়ে খালের পাড় অভিমূকী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ১,৭৫,০০০/- | আজগড়া |
| ০২. | আনন্দনগর জামাল উদ্দিন এর বাড়ীর সামনের রাস্তা সলিংকরণ | ৫০,০০০/- | আজগড়া |
| ০৩. | শেখপুরা পশ্চিমপাড়া মোল্যা আজিজুল হকের বাড়ীর সামনের রাস্তা সোলিং করন। | ৫০,০০০/- | আজগড়া |
| ০৪. | বিরি আজগড়া বাইস্কুল রোড সোলিং/ এইসবিবি করন | ১,৫০,০০০/- | আজগড়া |
| ০৫. | রোস্তম আজগড়া শিকদার পাড়া ইটের সোলিং রাস্তা সংস্কার | ১,০০,০০০/- | আজগড়া |
| ০৬. | এগার আমতলা হিজলতা খুলনা রোড হতে মোঃ ছুরমান মোল্যার বাড়ি অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ৫০,০০০/- | আজগড়া |
| | উপমোট = | ৫,৭৫,০০০/- | |
| ০৭. | বারাসাত ইউনিয়নের গানতিতা মেইন রাস্তা হতে আব্দুস সালাম মুর্শেদী কওমী মাদ্রাসা ও এতিমখানা এবং ঈদগা পর্যন্ত রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ১,৭৫,০০০/- | বারাসাত |
| ০৮. | বরাসাত ইবাদ মোল্যার বাড়ী হতে দিদার শেক এর বাড়ী অভিমূখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ১,০০,০০০/- | বারাসাত |
| ০৯. | হাড়িখালী সরালিয়া খারের দক্ষিণ পাড়ের ইটের রাস্তা হতে রেজওয়ান মেম্বরের বাড়ী অভিমূখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | বারাসাত |
| ১০. | ভুজনিয়া মধ্যপাড়া মোঃ আক্তার হোসেন এর বাড়ি হতে মোঃ ইউনুস এর বাড়ি অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ১,৫০,০০০/- | বারাসাত |
| ১১. | ইখড়ি দক্ষিণ পাড়া পাকা রাস্তা হতে মোঃ আমিন শেখ এর বাড়ী অভিমূখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ৫০,০০০/- | বারাসাত |
| ১২. | ইখড়ি রতন শেখের বাড়ির নিকট হতে সোহরাব শেখের বাড়ি অভিমূখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ৫০,০০০/- | বারাসাত |
| ১৩. | ইখড়ি ফরিদ শেখের বাড়ী হতে চঞ্চলের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | বারাসাত |
| | উপমোট = | ৯,২৫,০০০/- | |
| ১৪. | কুশলা-নগরকান্দি খেয়াঘাটে কাঠেরপুল নির্মাণ | ২,০০,০০০/- | ছাগলাদাহ |
| ১৫. | দক্ষিণ কুশলা পাকা রাস্তা হতে আকিজুল খানের বাড়ী অভিমুখী রাস্তা ইটের সোলিং করন এবং ইছামতি জামির কাজীর বাড়ি হতে বিপ্লব কাজী বাড়ি অভিমুখী রাস্তা ইটের সোলিং করন। | ১,০০,০০০/- | ছাগলাদাহ |
| | উপমোট = | ৩,০০,০০০/- | |
| ১৬. | নলিয়ারচর পাকা রাস্তা হতে সিকদার বাড়ী ঈদগাহ অভিমুখি রাস্তা BFS করন | ১,০০,০০০/- | সাচিয়াদাহ |
| ১৭. | সাচিয়াদাহ পশ্চিমপাড়া শ্রীকৃষ্ণ বিশ্বাসের বাড়ি হতে নৃপেন্দ্রনাথ বিশ্বাসের বাড়ি হয়ে রিংকু বালার বাড়ি অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | সাচিয়াদাহ |
| ১৮. | আদালাতপুর পাকারাস্তা ও ব্রীজ হতে হামিদুল গাজীর বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ১,৭৬,০০০/- | সাচিয়াদাহ |
| | উপমোট = | ৪,৭৬,০০০/- | |
| ১৯. | তেরখাদা উত্তরপাড়া কামরান মেম্বরের বাড়ী সংলগ্ন রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ১,০০,০০০/- | তেরখাদা |
| ২০. | তেরখাদা মারকাজ মাদ্রাসা সংলগ্ন রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | তেরখাদা |
| ২১. | তেরখাদা সেলিম শেখের বাড়ি সংলগ্ন রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | তেরখাদা |
| ২২. | তেরখাদা ইসরাইল মোল্যার বাড়ী সংলগ্ন খালের উপর কাঠের পুল নির্মাণ | ১,৫০,০০০/- | তেরখাদা |
| ২৩. | আটলিয়া পশ্চিমপাড়া সোহেল শেখের বাড়ী হতে তারকিজ মেম্বরের বাড়ি হয়ে ওয়াপদার রাস্তা অভিমূখী রাস্তা ইটের সোলিং করন। | ২,০০,০০০/- | তেরখাদা |
| ২৪. | সরকারি নর্থ খুলনা ডিগ্রী কলেজের নতুন ভবন পর্যন্ত রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | তেরখাদা |
| ২৫. | শহীদ স্মৃতি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে এস্টেজ নির্মাণ | ১,৫০,০০০/- | তেরখাদা |
| ২৬. | আটলিয়া হাফেজ শেখ এর বাড়ি হতে আল আমিন শিকদারের বাড়ি অভিমূখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ৫০,০০০/- | তেরখাদা |
| ২৭. | আটলিয়া বাবুল শিকদারের বাড়ি থেকে মসজিদ অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ৫০,০০০/- | তেরখাদা |
| ২৮. | আটলিয়া সোহেল শেখ এর বাড়ি থেকে নান্নু শেখের বাড়ি অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ১,০০,০০০/- | তেরখাদা |
| ২৯. | পারখালী রছুল মাষ্টারের বাড়ি হতে মেইন রাস্তা অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ১,০০,০০০/- | তেরখাদা |
| ৩০. | দশভাইয়া স্কুলের পূর্বপাশে পাকা রাস্তা হতে মোঃ আতাউর রহমানের বাড়ি অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ৫০,০০০/- | তেরখাদা |

| ক্রঃ নং | প্রকল্পের নাম | টাকার পরিমান | ইউনিয়ন |
|---|---|---|---|
| ৩১. | কোলা মফিজ শেখের বাড়ীর উত্তর পাশে খালের উপর কাঠের ব্রীজ নির্মাণ | ২,০০,০০০/- | মধুপুর |
| ৩২. | নয়াবারাসাত পূর্ব পাড়া মুক্তিযোদ্ধা মফিজ মোল্লার বাড়ীর সামনে কাঠেরপুল মেরামত | ১,০০,০০০/- | মধুপুর |
| ৩৩. | দক্ষিণ মোকামপুর আজগর ফকির এর বাড়ির নিকট হতে পূর্ব অভিমূখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ১,০০,০০০/- | মধুপুর |
| | উপমোট = | ৪,০০,০০০/- | |
| | | | |
| ৩৪. | প্রকল্প তদারকি ব্যয় ১% | ৯০,০০০/- | |
| | সর্ব মোট = | ৪৩,১৬,০০০/- | |
| | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয় এবং সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, কোভিড-১৯ এর ২য় ডোজ ভ্যাক্সিন টিকা কার্যক্রম চলমান রয়েছে। সকল ছাত্র-ছাত্রীদের ও করোনা টিকা প্রদান শুরু হয়েছে। তিনি বলেন ১ম ডোজ এ পর্যন্ত ৮০ হাজার প্রদান করা হয়েছে। তিনি হাসপাতালে আগত রোগীদের সুপেয় পানির জন্য ০১টি গভীর নলকুপ স্থাপনের জন্য অনুরোধ করে এবং হাসপাতালের সামনে নদীতে ঘাটলা নির্মানের জন্য অনুরোধ জাননা। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্থানীয় ভাবে এসি বা ফ্রিজের মাধ্যমে কোভিড-১৯ এর ভ্যাক্সিন সংরক্ষনের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৪ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর তেরখাদা, খুলনা সভায় উপস্থিত মাননীয় সংসদ সদস্যকে শুভেচ্ছা জানিয়ে বলেন, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরের বিভিন্ন ইউনিয়নে ৪০৬টি গভীর নলকুপ স্থাপন, ৩৯০টি রেইন ওটার হার্ভেস্টিং ও ১০ টি কমিউনিটি লাট্রিন নির্মাণ কাজ চলমান রয়েছে। PEDP-4 প্রকল্পের আওতায় চরপাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, আনন্দনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় , আজগড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, জুনারী সরকারি প্রাথমিক বিদ্যালয়, নয়াবারাসাত সরকারি প্রাথমিক বিদ্যালয়, শেখপুরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক নির্মানের কাজ চলমান রয়েছে। এবং দাপ্তরিক সকল কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ০৫ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, নভেম্বর-২১ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ২৬৫২৮, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২০,৬৮৯, পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর)-৭৭.৯৯%, গর্ভবতী-৮০১ জন, অগ্রহণকারী-৫০৫০। তিনি আরও বলেন, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে এবং স্বাস্থ্য শিক্ষা এবং কার্যক্রমের মাধ্যমে করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য জনসাধারণকে বিশেষভাবে উদ্বুদ্ধ করা যেতে পারে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৬ | সমাবসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্যকে শুভেচ্ছা জানিয়ে বলেন, দপ্তরের সকল ধরনের ভাতা প্রদান কাযক্রম চলমান রয়েছে। বয়স্ক ও বিধাব ভাতার নতুন কোন বরাদ্দ পাওয়া যায় নাই। চলতি অর্থ বছরে ৪২৮ টি প্রতিবন্ধি ভাতার পাওয়া গেছে এবং বিতরণ করা হয়েছে। তিনি ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করতঃ শতভাগ মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার অনুরোধ জানান। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৭ | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন, ডিসেম্বর-২১ মাস পর্যন্ত পিডিবিএফ তেরখাদা, খুলনা দপ্তরে মোট সমিতি ১১২টি, মোট সদস্য সংখ্যা ৪০১০জন, মোট ঋনী সদস্য ২৫৪৭জন, মোট সঞ্চয় স্থিতি ৫৬৮.২০ লক্ষ, মোট ঋণ বিতরণ ৩১২.৫৩ লক্ষ টাকা, মোট ঋণ আদায় ২৩৪.৩৩ লক্ষ টাকা। মোট খেলাপী ৭৪.৫২ লক্ষ্য টাকা। আদায়ের হার ৯৬%। তিনি বলেন খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসনিক সহায়তার প্রয়োজন। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, জানুয়ারি ২১ মাস পর্যন্ত বিআরডিবি তেরখাদা, খুলনা দপ্তরে মোট সমিতি গঠন ১৪০টি, সুফল ভোগী সদস্য সংখ্যা ২৫১৭জন, শেয়ার আদায় ২০.৪৫ লক্ষ, সঞ্চয় আদায় ৬৯.০৯ লক্ষ। মোট ঋণ বিতরণ ৭৩.৪৫ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ ৩১৬৯.৯২ লক্ষ টাকা। ঋণ আদায় ২৮৮০.২৪ লক্ষ টাকা । মেয়াদোত্তীর্ন খেলাপী ঋণ আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দপ্তওে দায়েরকৃত ১৩ টি সার্টিফিকেট মামলা সচল করার জন্য অনুরোধ জানান এবং বলেন, দাপ্তরিক কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ০৯ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | উপজেলা প্রোগ্রাম অফিসার তেরখদা, খুলনা সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয় এবং সকলকে শুভেচ্ছা শুভেচ্ছা জানিয়ে বলেন, তেরখাদা উপজেলা মৌলিক স্বাক্ষরতা প্রকল্প (৬৪) জেলা এর মাধ্যমে ,৩০০ টি শিখন কেন্দ্রের মাধ্যমে বয়স্ক শিক্ষা কার্যক্রম পরিচারিত হচ্ছে। বিগত ৮ ডিসেম্বও হতে একযোগে সকল শিখন কেন্দ্র চালু হয়। রাতের কেন্দ্র পরিদর্শনে দেখা যায় সেখানে উপস্থিত শিক্ষাথীদের সংখ্যা কম।তিনি মহাদয়ের মাধ্যমে উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানদেও অনুরোধ জানান আপনারা ইউপি সদস্যদেও সহযোগিতায় সকল নিরক্ষর শিক্ষাথীদেও কেন্দ্রে এসে পাঠদান সম্পন্ন করতে উদ্বোদ্ধ করা। তবে মহিলা শিখন কেন্দ্রে উপস্থিত শিক্ষাথীর সংখ্যা সন্তোষ জনক। | ইউপি চেয়ারম্যান ও সদস্যদের নিয়মিত শিখন কেন্দ্রে শিক্ষার্থীদের উপস্থিত হওয়ার জন্য তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রোগ্রাম অফিসার ও ইউপি চেয়ারম্যান বৃন্দ |
| ১০ | ইউনিয়ন পরিষদ কর্মচারীদের (সচিব, হিসাব সহকারী ও গ্রাম পুলিশ) বেতন-ভাতা | সভায় উপজেলা নির্বাহী অফিসর মহোদয় সকলের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন, ভূমি হস্তান্তর করের ১% অর্থ হতে ইউনিয়ন পরিষদের কর্মচারী ও গ্রাম পুলিশদের বেতন-ভাতা পরিশোধের বিধান রয়েছে। উল্লেখ্য তেরখাদা উপজেলায় প্রতিমাসে ০৬টি ইউনিয়ন পরিষদের ১২ জন কর্মচারী ও ৫৭ জন গ্রামপুলিশদের বেতন ভাতা বাবদ ৩,৭৩৬৮৮/-টাকা ব্যয় হয়। কিন্ত ভূমি হস্তান্তর করের ১% হারে ০৬টি ইউনিয়ন পরিষদে যে রাজস্ব জমা হয় তা দিয়ে ইউনিয়ন পরিষদের কর্মচারীদের (ইউপি সচিব ও হিসাব সহকারী) বেতন ভাতা ও গ্রাম পুলিশদের বেতন ভাতা মেটানো সম্ভব হচ্ছে না। তিনি সভায় অবহিত করেন, জানুয়ারি/২২মাস পর্যন্ত ইউপি সচিব ও হিসাব সহকারীগণের আগষ্ট/২১ এবং গ্রাম পুলিশদের সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত বেতন ভাতা ভূমি উন্নয়ন করের ১% হিসাব থেকে পরিশোধ করা সম্ভব হচ্ছে না। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা অক্টোবর-২০০৯ এর “দ” অনুচ্ছেদের বিধান মতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমাকৃত হাট-বাজার ইজারালব্দ আয়ের অবশিষ্ট ৪১% অর্থ হতে সরকারের সিদ্ধান্ত মোতাবেক ইউনিয়ন পরিষদ কর্মচারীদের (সচিব, হিসাব সহকারী ও গ্রাম পুলিশ) বেতন-ভাতা এবং তাদের অবসর গ্রহণকালে এককালীন অনুদানের ইউপি অংশের ৫০% পরিশোধ করা যাবে। হাট বাজার নীতিমালা-২০১১ অনুযায়ী হাটবাজরে ইজারালব্ধ আয়ের ৪১ % অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা দেয়ার বিধান রয়েছে সে মোতাবেক ১৪২৭ এবং ১৪২৮ বঙ্গাব্দ সনে তেরখাদা উপজেলার ০৯টি হাট বাজারের মধ্যে ০৭টি হা-বাজার ইজারা প্রদান করা হয় এবং ইজারলব্ধ আয় বিধি মোতাবেক ৪১% হারে ১৪২৭ বঙ্গাব্দ সনে ৬,৪৪,৪৯/- টাকা এবং ১৪২৮ বঙ্গাব্দ সনে ৭,২৫,৩৩১/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদান করা হয়েছে। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ইউনিয়ন পরিষদ কর্মচারীদের (সচিব, হিসাব সহকারী ও গ্রাম পুলিশ) বকেয়া বেতন-ভাতা পরিশোধের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের এবং সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ইউনিয়ন পরিষদ কর্মচারীদের (সচিব, হিসাব সহকারী ও গ্রাম পুলিশ) বকেয়া বেতন-ভাতা পরিশোধের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার তেরখাদা খুলনা। |

বিবিধ আলোচনা ঃ

**আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল) ঃ** উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের রাজস্ব তহবিলের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের নভেম্বর/২১ মাসের সম্মানী, বাড়ী ভাড়া ও ভ্রমন ভাতা | ৫৪,৪৯৮/- |
| ২। | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানরে নভেম্বর /২১ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৩০০/- |
| ৩। | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানরে নভেম্বর /২১ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৩০০/- |
| ৪। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর নভেম্বর /২১ মাসের বেতন প্রদান | ১২,৬০০/- |
| ৫। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর নভেম্বর /২১ মাসের বেতন প্রদান | ১২,৬০০/- |
| ৬। | উপজেলা পরিষদের জীপ গাড়ির অক্টোবর/২১ হতে নভেম্বর/২১ পর্যন্ত জ্বালানী ব্যয় বিল | ৪৬,৫৪৬/- |
| ৭। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ের স্টীলের আসবাবপত্র মেরামত | ২৩,৩০০/- |
| ৮। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ের কাঠের আসবাবপত্র মেরামত | ২৪,৫০০/- |
| ৯। | নভেম্বর /২১ মাসের আপ্যায়ন ও আনুষাঙ্গিক ব্যয় বিল | ৩৫,০০০/- |
| ১০। | ১৬ ডিসেম্বর/২০২১ মহান বিজয় দিবস উদযাপন ব্যয় বিল | ৫০,০০০/- |
| ১১। | ১৪২৭ বঙ্গাব্দ সনে হাট বাজার ইজারা প্রদানের আনুষাঙ্গিক ব্যয় বিল | ১৩,৪৪৮/- |
| ১২। | ১৪২৮ বঙ্গাব্দ সনে হাট বাজার ইজারা প্রদানের আনুষাঙ্গিক ব্যয় বিল | ১৪,৩৬৮/- |

**সিদ্ধান্ত ঃ** উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**সভাপতির বক্তব্য ঃ** সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয় এবং উপস্থিত সকলকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। মাননীয় সংসদ সদস্য মহোদয় সিআইপি পদবে ভূষিত হওয়ায় তেরখাদা উপজেলা বসির পক্ষথেকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। উপজেলার সকল উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের এক সঙ্গে কাজ করার আহবান জানান। তিনি সকল দপ্তর প্রধানদের উপজেলা পরিষদ মাসিক সভায় নিয়মিত হাজির হওয়ার অনুরোধ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃ পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
ও সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নম্বর- উনিঅ/তের/সভা-৯-৯/২০২১-৫৩ (৪০) তারিখঃ ২৬ জানুয়ারি ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
৪। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

৫। উপজেলা ......................................................অফিসার, তেরখাদা, খুলনা।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
৭। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
৮। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

পরিশিষ্ট-ক

সভার তারিখ- ২৬/০১/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তেরখাদা, খুলনা। | |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১২. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৭. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ১৮. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৯. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২০. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২২. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৩. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | ইনচার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ২৮. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা। | |
| ২৯. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

পরিশিষ্ট-খ

১. চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
২. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৩. উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, তেরখাদা, খুলনা।
৪. সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন।
৫. ফরেস্টার , বন বিভাগ, তেরখাদা
৬. তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৮. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৯. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা।
১০. ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, তেরখাদা, খুলনা।